

আল-মুলক | Al-Mulk | الْمُلْكُ

আয়াতঃ ৬৭ : ২১

আরবি মূল আয়াত:

أَمَّنْ هَذَا الَّذِي يَرْزُقُكُمْ إِنْ أَمْسَكَ رِزْقَهُ بَلْ لَجُّوا فِي عُتُوٍّ وَنُفُورٍ

﴿ ২১ ﴾

অনুবাদসমূহ:

অথবা এমন কে আছে, যে তোমাদেরকে রিয়ক দান করবে যদি আল্লাহ তাঁর রিয়ক বন্ধ করে দেন? বরং তারা অহমিকা ও অনীহায় নিমজ্জিত হয়ে আছে। — আল-বায়ান

অথবা এমন কে আছে যে তোমাদেরকে রিয়ক দিবে যদি তিনি তাঁর রিয়ক বন্ধ করে দেন? আসলে তারা অহমিকা ও অনীহায় ডুবে আছে। — তাইসিরুল

এমন কে আছে, যে তোমাদের জীবনোপকরণ দান করবে, তিনি যদি জীবনোপকরণ বন্ধ করে দেন? বস্তুতঃ তারা অবাধ্যতা ও সত্য বিমুখতায় অবিচল রয়েছে। — মুজিবুর রহমান

Or who is it that could provide for you if He withheld His provision? But they have persisted in insolence and aversion. — Sahih International

২১. এমন কে আছে, যে তোমাদেরকে রিয়ক দান করবে, যদি তিনি তাঁর রিয়ক বন্ধ করে দেন? বরং তারা অবাধ্যতা ও সত্য বিমুখতায় অবিচল রয়েছে।

-

তাফসীরে জাকারিয়া

(২১) এমন কে আছে, যে তোমাদেরকে রুযী দান করবে, তিনি যদি তাঁর রুযী বন্ধ করে দেন? [১] বস্তুতঃ তারা অবাধ্যতা ও সত্য বিমুখতায় অবিচল রয়েছে। [২]

[১] অর্থাৎ, আল্লাহ যদি বৃষ্টি বর্ষণ না করেন অথবা যমীনকেই যদি ফসলাদি উৎপন্ন করতে নিষেধ করে দেন কিংবা যদি পাকা ফসলকে নষ্ট করে দেন; যেমন কখনো কখনো তিনি এইরূপ করে থাকেন, যার কারণে তোমাদের জীবিকার পথ রুদ্ধ হয়ে যায়, যদি মহান আল্লাহ এইরূপ করে দেন তাহলে বল, আর এমন কে আছে, যে আল্লাহর ইচ্ছার বিপরীত তোমাদের জন্য রুযীর ব্যবস্থা করে দেবে?

[২] তাদের উপর ওয়ায-নসীহতের এই কথাগুলোর কোন প্রভাব পড়ে না, বরং তারা সত্যের বিরুদ্ধাচরণ করেই

যাচ্ছে এবং তা থেকে মুখ ফিরিয়ে নিয়ে ভ্রষ্টতার দিকে আগে বাড়তেই আছে। না তারা উপদেশ গ্রহণ করে, আর না তারা চিন্তা-ভাবনা করে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5262>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন